গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা।

স্মারক নম্বর : বাশিকট-২০২২/০১-১২

তারিখ : ২৮ কার্তিক ১৪২৯
১৩ নভেম্বর ২০২২

বিষয়: বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পী ও তাঁদের মেধাবী সন্তানকে এককালীন বৃত্তি প্রদান সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন 'বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট' এর পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য শিল্পীকে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য এককালীন মঞ্জুরি/বৃত্তি/স্টাইপেন্ড প্রদানের লক্ষ্যে শিল্পীদের নিকট হতে আবেদন আহ্বান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে, যা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (www.moca.gov.bd) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট (shilpitrust.portal.gov.bd) এই ওয়েবসাইটে প্রচার করা হয়েছে। আবেদনের জন্য পৃথক দু'টি ফরম মন্ত্রণালয় ও ট্রাস্টের ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে। **বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১** এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বাংলাদেশ শিল্পী কল্যাণ বিধিমালা, ২০২০ এর বিধি-৫ এর উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) অনুযায়ী আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক ঢাকা মহানগরী ব্যতীত অন্যান্য মহানগরী এবং জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট আগামী ১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে পৌঁছানোর জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে (বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)। একই বিধিমালার ৫(৩) উপ-বিধিতে উল্লেখ আছে:

"জেলা প্রশাসক বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হইবার পরবর্তী ১০(দশ) কার্যদিবসের মধ্যে উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) এর অধীন প্রাপ্ত আবেদন ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করিবেন।"

০২। বর্ণিতাবস্থায়, প্রাপ্ত আবেদনসমূহ আগামী ১৫ ডিসেম্বর ২০২২ এর পরবর্তী ১০(দশ) কার্য দিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা এই ঠিকানায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৩/১১/2022
(অসীম কুমার দে)
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ফোন: ৫৫১০১১৭৮

প্রাপক:
জেলা প্রশাসক (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৪। প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা।

স্মারক নম্বর : বাশিকট-২০২২/০১-১১

তারিখ : ২৮ কার্তিক ১৪২৯
১৩ নভেম্বর ২০২২

# বিজ্ঞপ্তি

২০২২-২৩ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য শিল্পীকে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য এককালীন মঞ্জুরি/বৃত্তি/স্টাইপেন্ড প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে :

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও প্রচলিত কোন শাখার শিল্পী/সাহিত্যিক হতে হবে।

২. শিল্প/সাহিত্যকর্ম বিকাশে মৌলিক/বিশিষ্ট অবদান রেখেছেন এমন শিল্পী বা তাঁর সন্তান বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হবেন।

৩. সাধারণত ৪০ বছরের কম বয়সী শিল্পী বৃত্তি পাওয়ার ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন। তবে বিশেষ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৪. আবেদনকারীর বয়সের সত্যতা প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্রের কপি আবেদনের সংগে সংযুক্ত করতে হবে।

৫. আবেদনকারী শিল্পীর নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।

৬. শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য বৃত্তি এবং শিল্পীদের মেধাবী সন্তানের শিক্ষার জন্য বৃত্তি/স্টাইপেন্ড/এককালীন মঞ্জুরি প্রত্যাশি শিল্পীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৭. আবেদন ফরম বিনামূল্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (www.moca.gov.bd) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট (www.shilpitrust.portal.gov.bd) এ পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।

৮. আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৫ ডিসেম্বর ২০২২ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিজ নিজ জেলার জেলা প্রশাসক এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে।

৯. দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (২) স্থায়ী ঠিকানার অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদের কপি, (৩) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৩/১১/২০২২

(অসীম কুমার দে)
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ফোন: ৫৫১০১১৭৮